

ডীকন, ডীকনেস, ক্ষুদ্র দলনেতা এবং সপ্তাহব্যাপী যারা কার্যকলাপ পরিচালিত করেন তাদের জন্য নির্দেশাবলী

শুরু করুন

Download Paul-Timothy studies freely from www.Paul-Timothy.net.

প্রার্থনাঃ “প্রভু, অনুগ্রহ করে তুমি প্রেরিতদের উপাসক মণ্ডলীকে যে শক্তি দিয়েছিলে, সেই একই শক্তিতে পরিচর্যা কাজ শুরু করতে আমাদের উপাসক মণ্ডলীকে সাহায্য কর।”



পরস্পরকে সেবা করার জন্য এবং সমাজের সদস্যদের সাহায্য করার জন্য বিশ্বাসীগণ সপ্তাহে প্রায়ই মিলিত হন। তারা লোকদের জন্য প্রার্থনা করেন, শিষ্য তৈরী করেন এবং বিভিন্ন পরিচর্যা কাজ করেন। অনেক সময় পুরুষ ও মহিলাগণ একটি দলরূপে মিলিত হন। বড় পরিবারগুলো অথবা দুই বা তিনটি পরিবার একত্রে পারিবারিক আরাধনার জন্য মিলিত হতে পারেন। অনেক সময় ডীকন বা ডীকনেসগণ এই সকল সভা পরিচালনা করেন এবং সপ্তাহব্যাপী কার্যকলাপগুলোর তত্ত্বাবধান করেন। যারা অভাবীদের পরিচর্যা করেন, প্রায়ই ডীকনরা তাদের পরিচালিত করেন।

১. অভাবীদের তত্ত্বাবধান করার জন্য এবং সপ্তাহব্যাপী কার্যকলাপে বিশ্বাসীদের সাহায্য করার জন্য ডীকন অথবা ডীকনেসদের নিয়োজিত করুন।

- ১ তীমথিয় ৩ঃ৮-১৩ পদে ডীকন ডীকনেস পদের জন্য প্রয়োজনীয় গুণাবলীর বিষয় খুঁজে দেখুন।
- প্রেরিতদের মত ডীকনদের হস্তার্পন করুন। পবিত্র আত্মাকে তাদের অভিষিক্ত করতে বলুন।
- কোন্ বিশ্বাসীর জরুরী প্রয়োজন আছে খুঁজে দেখুন। উপাসক মণ্ডলীর বাইরের লোকদের জন্যও একই কাজ করুন।
- প্রয়োজন হলে এই সকল লোকদের অভাব পূরণের জন্য বিশ্বাসীদের টাকা, সময়, সাহায্য অথবা অন্যান্য দ্রব্য সামগ্রী দান করতে বলুন।

প্রেরিত ৬ঃ১-৭ পদে খুঁজে দেখুন, যিরুশালেমে ডীকনগণ কি করেছিলেন।

- নতুন উপাসক মণ্ডলীর কি প্রয়োজনে ডীকন পদের সৃষ্টি করতে হয়েছিল?
- ডীকন উপাধি গ্রহণের জন্য এবং বিধবাদের সেবা করার জন্য কি কি চারিত্রিক গুণাবলীর প্রয়োজন ছিল।
- বিজ্ঞতায় এবং আত্মায় পূর্ণ লোকদের নিযুক্ত করার ফলে কি ঘটেছিল? (৭ পদে উত্তর খুঁজুন)।
- রোমীয় ১৬ঃ১ পদে প্রকাশিত হয়েছে যে ফৈবী নামের এক মহিলাও ‘ডীকনেস’ (পরিচারিকা) নামে অভিহিত হয়েছিলেন, অর্থাৎ তিনি উপাসক মণ্ডলীর একজন পরিচারিকা ছিলেন।
- “বাইবেলের ‘ডীকন’ শব্দটির অর্থ হল ‘পরিচারক’।

২. পরবর্তী সপ্তাহব্যাপী করণীয় কার্যকলাপের বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

নতুন পালকদের অধ্যয়নগুলো আপনাকে পরবর্তী সপ্তাহে আপনি যে বিষয় শিক্ষা দেবেন সেই বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত কাজের জন্য সাহায্য প্রদান করে। প্রতিটি নতুন পালকদের জন্য অধ্যয়নের দ্বিতীয় ভাগে ‘সপ্তাহব্যাপী কার্যকলাপের বিষয় আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন’ শীর্ষক অংশে আপনি এই সাহায্যের বিষয়গুলো দেখতে পাবেন।

প্রতিটি অধ্যয়ণে কার্যকলাপের তালিকা প্রদত্ত হয়েছে যা আপনি এবং আপনার সাহায্যকারীগণ করতে পারেন। বিশ্বাসীদের প্রয়োজনের সঙ্গে মানানসই যে কোন বিষয় বাছুন। অন্য কার্যকলাপগুলো উপেক্ষা করুন।

পরবর্তী আরাধনা সভার কিছু পূর্বেই আপনার সহকর্মীদের সঙ্গে এই কার্যকলাপগুলোর বিষয়ে পরিকল্পনা করুন, যাতে আরাধনার সময় আপনি কি করতে হবে সেই বিষয়ে ব্যাখ্যা করতে পারেন।

একটা কাগজে আপনার পরিকল্পনাগুলো লিখুন এবং আপনার উপাসকমণ্ডলীর পালকের সঙ্গে বিষয়গুলো আলোচনা করুন। পরবর্তী সপ্তাহের আরাধনা এবং অন্যান্য কাজের বিষয় তার সঙ্গে এবং অন্য নেতাদের সঙ্গে পরিকল্পনা করুন। কে কোথায় কখন কি করবেন সেই বিষয় ঠিক করুন। পরিকল্পনার মধ্যে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো থাকতে হবেঃ

- খ্রীষ্টের মণ্ডলীতে পরস্পরের সেবা করা, গালা ৬ঃ১০ পদ।
- ইফিষীয় ৫ঃ২১ থেকে ৬ঃ৪ পদে আমাদের প্রতি নির্দেশ অনুসারে আমাদের পরিবারের পরিচর্যা করা।
- প্রেরিত ১ঃ৪০-৪১ পদে পৌল যেরূপ করেছিলেন, সেইভাবে অন্যান্য উপাসক মণ্ডলীর সঙ্গে সহযোগীতা করা।
- মথি ৫ঃ১৩-১৪; ২ঃ৩১-৪৬ পদে যীশুর আদেশ অনুসারে বন্ধুদের, প্রতিবাসীদের, শত্রুদের এবং সমাজের সেবা করা।
- ২ তীমথিয় ২ঃ২ পদে পৌল যেমন তীমথিকে বলেছিলেন, সেইভাবে আপনার সঙ্গে অন্যদের সেবা কাজে প্রস্তুত করা।
- আরও যে সকল কাজ করা প্রয়োজন, সেই বিষয়ে পরিকল্পনা করা।

Copyright 2003 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net

